

# সোনালী ব্যাংক লিমিটেড

লিগ্যাল ম্যাটার্স ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

নং-প্রধান কার্যালয় ইতোহার নং-১৪৩

তারিখ :- ০২-০৬-২০১৩ ইং।

জেনারেল ম্যানেজার  
ডেপুটি জেনারেল ম্যানেজার  
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার  
জেনারেল ম্যানেজার'স অফিস/ লোকাল অফিস  
প্রধান কার্যালয়ের সকল বিভাগ  
অধ্যক্ষ, সোনালী ব্যাংক লিমিটেড স্টাফ কলেজ  
প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখা  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয়ঃ অত্র ব্যাংকের মামলা দায়ের/ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করা সংক্রান্ত  
অর্পিত ক্ষমতা সংশোধন/ পুনর্বিদ্যাস প্রসঙ্গে।

মহোদয়,

ব্যাংকের শ্রেণীকৃত ঋণ কমিয়ে আনার লক্ষ্যে ঋণগ্রহীতা/ জামিনদার/ অন্যান্য প্রতিপক্ষের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হয়। এ লক্ষ্যে ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৩ ডিসেম্বর-২০০০ তারিখে অনুষ্ঠিত ৭০০ তম সভার অনুমোদনক্রমে “মামলা দায়ের/ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করা সংক্রান্ত অর্পিত ক্ষমতা ০১ জানুয়ারী-২০০১” বুকলেট জারী করা হয় যা অদ্যাবধি বলবৎ রয়েছে। উক্ত বুকলেটে দায়েরযোগ্য মামলায় জড়িত টাকার পরিমানের ভিত্তিতে মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতার জন্য অনুমোদন দেয়ার ক্ষমতা ব্যাংকের বিভিন্ন নির্বাহী / নিয়ন্ত্রণকারী কার্যালয় প্রধানের উপর ন্যস্ত আছে। বিদ্যমান অর্পিত ক্ষমতা অনুযায়ী নিয়ন্ত্রণকারী কার্যালয়ের অনুমোদন নেয়ার সময় অহেতুক জটিলতা ও সময় ক্ষেপন হওয়ায় মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে বিলম্ব ঘটে যা ব্যাংক স্বার্থ ক্ষুণ্ণ করে। আলোচ্য বিষয়াদি এবং অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ৫(৫), ৪৬, ৪৭ ও অন্যান্য ধারাসমূহ বিবেচনায় এনে ব্যাংকের পরিচালনা পর্ষদ ২১ মে-২০১৩ তারিখে অনুষ্ঠিত ৩০১ তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন :

“দেওয়ানী কার্যবিধি আইনের আওতায় অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর বিধান পালন সাপেক্ষে অর্থঋণ মামলা (সার্টিফিকেট মামলাসহ) “মামলা দায়ের/ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার অর্পিত ক্ষমতা ০১ জানুয়ারী-২০০১” বুকলেট (এর ক্রমিক নং-১(খ) ও ১(ঘ)) এবং ১২ ধারা মোতাবেক বন্ধকীকৃত/ দায়বদ্ধ স্থাবর/ অস্থাবর সম্পত্তি বিক্রয়ের লক্ষ্যে ৩৩ ধারার বিধান মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুমতি সংক্রান্ত বিদ্যমান ক্ষমতা নিম্নোক্তভাবে সংশোধন/ পুনর্বিদ্যাস করার প্রস্তাব অনুমোদন করা হলো।

তবে ফৌজদারী মামলাসহ অন্যান্য মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতা করার বিষয়ে বুকলেটে অর্পিত বিদ্যমান ক্ষমতা অপরিবর্তিত থাকবে।

ব্যাংকের পক্ষে/ বিপক্ষে মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতাকরণ ক্ষমতা সংশোধন/ পুনর্বিদ্যাস :

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিদ্যমান				সংশোধিত/ পুনর্বিদ্যাসিত		
	ক্ষমতাপ্রাপ্ত ব্যাংকের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা	ঋণগ্রহীতার ধরন/ প্রকৃতি	১(খ) ব্যাংকের ঋণ/ পাওনা/দাবী আদায়ের জন্য দেউলিয়া আইন ব্যতীত অন্যান্য প্রাসংগিক আইনের আওতায় দেওয়ানী মামলা দায়ের করার অনুমতি প্রদান	১(ঘ) সার্টিফিকেট মামলা দায়ের করার অনুমতি প্রদান	ক্ষমতাপ্রাপ্ত ব্যাংকের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা	অর্থঋণ মামলা দায়ের করার অনুমতি প্রদান	সার্টিফিকেট মামলা দায়ের করার অনুমতি প্রদান
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং পাবলিক লিঃ কোং	যে কোন পরিমান যে কোন পরিমান	-- -	ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও	যে কোন পরিমান যে কোন পরিমান	-- --
২।	ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং পাবলিক লিঃ কোং	৬০০ ১০০০	-- --	ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর	যে কোন পরিমান যে কোন পরিমান	-- --
৩।	জেনারেল ম্যানেজার (প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ বিভাগীয় কার্যালয়/ স্থানীয় কার্যালয়)	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং পাবলিক লিঃ কোং	২০০ ৪০০	যে কোন পরিমান --	জেনারেল ম্যানেজার, (শাখা প্রধান)	যে কোন পরিমান যে কোন পরিমান	যে কোন পরিমান যে কোন পরিমান

২য় পাতার দ্রষ্টব্য-

ক্রঃ নং	বিদ্যমান				সংশোধিত/ পুনর্বিদ্যাসিত		
	ক্ষমতাপ্রাপ্ত ব্যাংকের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা	ঋণগ্রহীতার ধরন/ প্রকৃতি	১(খ) ব্যাংকের ঋণ/ পাওনা/দাবী আদায়ের জন্য দেউলিয়া আইন ব্যতীত অন্যান্য প্রাসংগিক আইনের আওতায় দেওয়ানী মামলা দায়ের করার অনুমতি প্রদান	১(ঘ) সার্টিফিকেট মামলা দায়ের করার অনুমতি প্রদান	ক্ষমতাপ্রাপ্ত ব্যাংকের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা	অর্থঋণ মামলা দায়ের করার অনুমতি প্রদান	সার্টিফিকেট মামলা দায়ের করার অনুমতি প্রদান
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪।	ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ পিও/ কর্পোঃ শাখা প্রধান	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং	১০০	৫	ডেপুটি জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
		পাবলিক লিঃ কোং	২০০	--		যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
৫।	এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (পিও/ আরও/কর্পোঃ শাখা/ শাখা প্রধান হিসেবে)	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং	২৫	২	এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
		পাবলিক লিঃ কোং	৫০	--		যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
৬।	শাখা প্রধান এসপিও	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং	৫	১	সিঃ এক্সিঃ অফিসার (শাখা প্রধান)	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
		পাবলিক লিঃ কোং	--	--		যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
৭।	শাখা প্রধান পিও	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং	৩	১	এক্সিঃ অফিসার (শাখা প্রধান)	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
		পাবলিক লিঃ কোং	--	--		যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
৮।	শাখা প্রধান এসও/ অফিসার	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং	২	১	সিঃ অফিসার/ অফিসার (শাখা প্রধান)	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ
		পাবলিক লিঃ কোং	--	--		যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ

তবে শর্ত থাকে যে,

- (ক) মামলা দায়েরের পূর্বেই প্রধান কার্যালয় ইন্ডে হার নং-১৪৮২ তারিখ ২৩-০৬-২০০৩ এর নির্দেশনা অনুযায়ী অর্থঋণ আদালত আইন-২০০৩ এর আলোকে ব্যাংকের নিকট দায়বদ্ধ সম্পত্তি নিলামে বিক্রয়ের নিয়মাবলী যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে।
- (খ) ঋণগ্রহীতার বিরুদ্ধে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ধারা ১২ মোতাবেক বন্ধকীকৃত/ দায়বদ্ধ স্থাবর/ অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয়ের লক্ষ্যে ৩৩ ধারার বিধান পালন করে বিদ্যমান নিলাম কমিটির সুপারিশ মোতাবেক নিলাম বিক্রয় ও বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত শাখা প্রধান/ ব্যবস্থাপক তার নিজস্ব ক্ষমতায় নিতে পারবে। তবে প্রধান কার্যালয়ের লিগ্যাল ম্যাটার্স ডিভিশন এর মাধ্যমে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
- (গ) সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রতি দুই মাস অন্তর অন্তর মামলা দায়ের এবং অগ্রগতি নিয়ন্ত্রণকারী অফিসে প্রতিবেদনাকারে প্রেরণ করতে হবে।
- (ঘ) নিয়ন্ত্রণকারী অফিস এ বিষয়ে নিবিড় তদারকী করবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি মতামতসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- (ঙ) মামলা বিষয়ক অগ্রগতি প্রতি ৩ মাস পর পর পর্ষদকে অবহিত করতে হবে।”

এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের পক্ষে/ বিপক্ষে মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতাকরণ সম্পর্কিত সংশোধিত/ পুনর্বিদ্যাসিত ক্ষমতা অনুযায়ী যথাসময়ে মামলা দায়ের/ প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ আশরাফুল ইসলাম)  
ডেপুটি জেনারেল ম্যানেজার

(কাজী তসলিমা বানু)  
জেনারেল ম্যানেজার